তারিখ : 12 SEP 2016
পৃষ্ঠা ২২ কলাম ৪

দৈনিক
আমাদের সময়

# এক পরিদর্শকের ২০ স্কুল

নিজস্ব প্রতিবেদক ● বাংলাদেশে ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয়ের জন্য দায়িত্বরত পরিদর্শকদের গড়ে প্রতিমাসে অন্তত ২০টি বিদ্যালয় পরিদর্শন করতে হয়। এক ব্যক্তির ওপর ২০টি বিদ্যালয় পরিদর্শনের ভার চাপিয়ে শিক্ষার মান নিশ্চিত কীভাবে সম্ভব, তা নিয়ে প্রশ্ন তুলেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

সম্প্রতি অনুষ্ঠিত সংসদীয় কমিটির এক বৈঠকে মন্ত্রণালয়ের দেওয়া হিসাব অনুযায়ী ২০টি বিদ্যালয়ের ভার রয়েছে এক পরিদর্শকের ওপর। অবশ্য বাস্তবচিত্র আরও খারাপ বলে মনে করেন গণশিক্ষা নিয়ে কাজ করে আসা সংস্থা গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী। তিনি বলেন, এটা তো গড় হিসাব। প্রত্যন্ত অঞ্চলগুলোর বাস্তবতাটা কী এসেছে? বাস্তবে প্রত্যন্ত অঞ্চলে এক কর্মকর্তাকে হয়তো ৩০টি স্কুল পরিদর্শন এরপর পৃষ্ঠা ৯, কলাম ৮

## এক পরিদর্শকের

(শেষ পৃষ্ঠার পর) করতে হয়। গত ২৩ আগস্ট রাজধানীর তেজগাঁওয়ের উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো অফিসে সংসদীয় কমিটির সভায় বিদ্যালয় পরিদর্শকের অপ্রতুলতা নিয়ে কথা ওঠে বলে বৈঠকের কার্যপত্রে দেখা যায়। সংসদীয় কমিটির সদস্য মোহাম্মদ ইলিয়াছ এ বিষয়ে বলেন, প্রাথমিক শিক্ষার মান নিশ্চিত করতে নিয়মিত স্কুল পরিদর্শনের কোনো বিকল্প নেই। এ বিষয়ে আরও বেশি গুরুত্ব দেওয়ার জন্য কমিটির পক্ষ থেকে মন্ত্রণালয়কে তাগিদ দেওয়া হয়েছে। সংসদীয় কমিটির নথি থেকে জানা যায়, ৬৫ হাজার বিদ্যালয়ের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (টিইও)/সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার (এটিইও) পদ রয়েছে আড়াই হাজারের মতো। এ হিসাবে এক কর্মকর্তাকে গড়ে প্রতিমাসে ২০টির বেশি স্কুল পরিদর্শন করতে হচ্ছে।